

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং- ০১

জানুয়ারী ০৪, ২০১১  
তারিখ : -----  
পৌষ ২১, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঘোষিত সুদ হারের বাইরে সুদ হার আরোপ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিদ্যমান সুদ হার নীতিমালা অনুযায়ী আমানত ও ঋণের উপর ঘোষিত সুদ হার বহির্ভূত সুদ হার আরোপের কোন সুযোগ নেই। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক আমানত সংগ্রহের জন্য ঘোষিত সুদ হারের বাইরে উচ্চ হারে সুদ প্রদান করছে যা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার লংঘন।

এমতাবস্থায়, ঘোষিত সুদ হারের বাইরে সুদ হার আরোপ না করা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য আপনাদেরকে নির্দেশ দেয়া যাচ্ছে। আমানত ও ঋণের উপর ঘোষিত সুদ হার বহির্ভূত সুদ হার আরোপের কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিবেচনা করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কে. এম. আব্দুল ওয়াদুদ)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৭১১৭৮২৫